# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

**পর্ষদ সচিবালয়**

পসবি পরিপত্র নম্বর-০২/২০১৮ তারিখঃ ২৯.১০.২০১৮

বিষয়ঃ **কর্মসংস্থান ব্যাংক এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড নীতিমালা-২০১৮।**

কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ২৭.১০.২০১৬ তারিখে অনুষ্ঠিত ২৩৬-তম সভার অনুমোদনক্রমে কব্যপ্রমাসবি-২০/২০১৬ নম্বর পরিপত্রের মাধ্যমে কর্মসংস্থান ব্যাংক কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা-২০১৬ জারী করা হয়। বিদ্যমান নীতিমালা সংশোধন/ সংযোজন/ পরিবর্তনপূর্বক যুগোপযোগী করার লক্ষ্যে ১৬.০৮.২০১৮, ৩০.০৮.২০১৮, ২০.০৯.২০১৮ ও ১৪.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ২৬৫, ২৬৬, ২৬৭ ও ২৬৮-তম সভায় যথাক্রমে গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হওয়ার ক্ষেত্রে কর্মচারী কল্যান তহবিল হতে অনুদানের হার/পরিমান নির্ধারণ, এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড ট্রাস্টি বোর্ড কর্তৃক প্রদত্ত আর্থিক অনুদানের পরিমান বৃদ্ধি, এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে কর্মচারীগণের মেধাবী সন্তানদের এককালিন শিক্ষা অনুদান প্রদান এবং এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড ট্রাস্টি বোর্ড পুনর্গঠনের প্রস্তাব উপস্থাপন করা হলে বোর্ড তা অনুমোদন করে। বিদ্যমান নীতিমালা সংশোধন ও সংযোজনপূর্বক ইত:পূর্বে জারীকৃত পরিপত্র/সার্কুলার লেটার বাতিল করে নিম্নোক্তভাবে কর্মসংস্থান ব্যাংক এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড নীতিমালা-২০১৮ জারী করা হলো:

১। **সংক্ষিপ্ত শিরোনাম :**

(ক) এ নীতিমালা কর্মসংস্থান ব্যাংক এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড নীতিমালা-২০১৮ নামে অভিহিত হবে;

২। **সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এ নীতিমালায়-**

(ক) ‘ব্যাংক’ অর্থ ১৯৯৮ সনের ৭নং আইন বলে প্রতিষ্ঠিত কর্মসংস্থান ব্যাংক;
(খ) ‘কর্মচারী’ অর্থ ব্যাংকের স্থায়ী চাকুরিতে নিয়োজিত সকল নিয়মিত কর্মকর্তা ও কর্মচারী এবং অবসরোত্তর ছুটিতে থাকা কর্মকর্তা ও কর্মচারীগণ;
(গ) ‘এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড’ অর্থ অনুচ্ছেদ ৩ (তিন) এর অধীন গঠিত এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড;
(ঘ) ‘পরিবার’ অর্থ-
(১) কর্মচারী পুরুষ হলে তাঁর স্ত্রী বা স্ত্রীগণ এবং কর্মচারী নারী হলে তাঁর স্বামী;
(২) কর্মচারীর সংগে একত্রে বসবাসরত এবং তাঁর উপর সম্পূর্ণ নির্ভরশীল সন্তান-সন্ততিগণ, পিতা-মাতা, দত্তক সন্তান, নাবালক ভাই/ বোন, অবিবাহিতা এবং তালাকপ্রাপ্ত কন্যা সন্তান।
(ঙ) ‘ট্রাস্টি বোর্ড’ অর্থ এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড পরিচালনার জন্য গঠিত বোর্ড;
(চ) ‘ব্যবস্থাপনা পরিচালক’ অর্থ কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক;
(ছ) ‘পরিচালনা বোর্ড’ অর্থ কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা বোর্ড;
(জ) ‘সদস্য-সচিব’ অর্থ এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড ট্রাস্টি বোর্ডের সদস্য-সচিব।

৩। **এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড** :

(ক) এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড নামে একটি তহবিল থাকবে।
(খ) নিম্নলিখিত উৎসসমূহ হতে প্রাপ্ত অর্থ এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডে জমা হবে, যথা :

(১) নিয়মিত কর্মচারীদের প্রদত্ত চাঁদা হিসেবে গৃহীত মূল বেতনের শতকরা এক ভাগ (০১%) অথবা সর্বোচ্চ ১০০/-(একশত) টাকা এর মধ্যে যা সর্বনিম্ন, মাসিক বেতন হতে কর্তনপূর্বক কর্মচারী কল্যাণ তহবিলে জমা হবে;
(২) প্রতি বছর ব্যাংকের মুনাফা হতে পরিচালনা বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত হারে অর্থ জমা করা হবে;
(৩) তহবিলের অর্থ বিনিয়োগ হতে প্রাপ্ত মুনাফা (সুদ);
(৪) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন উৎস হতে প্রাপ্ত অর্থ;
(৫) ব্যাংকের পরিত্যক্ত জিনিষপত্র (পুরাতন টায়ার, টিউব ও ব্যাটারী ইত্যাদি), পুরাতন পরিত্যক্ত সকল প্রকার আসবাবপত্র (যাদের বুক ভ্যালু নেই) ও অন্যান্য বিনষ্টযোগ্য কাগজপত্র ইত্যাদি হতে বিক্রয়লব্ধ অর্থ;
(৬) পত্রিকা প্রাপ্ত প্রাধিকারভূক্ত কর্মকর্তাদের মাসিক বেতন হতে কর্তন বাবদ নির্ধারিত ২০/-(বিশ) টাকা।

চলমান পাতা-০২

৪। **এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড ট্রাস্টী বোর্ড:**

(ক) ট্রাস্টি বোর্ডের গঠনঃ এ নীতিমালা কার্যকর হবার পর এর উদ্দেশ্য বাস্তবায়নের জন্য **"এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড ট্রাস্টী বোর্ড"** নামে একটি ট্রাষ্টী বোর্ড গঠন করা হবে। নিম্নলিখিত ০৯ (নয়) জন সদস্যদের সমন্বয়ে এ ট্রাষ্টী বোর্ড গঠিত হবে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | : | সভাপতি |
| ০২ | উপ-ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | : | সদস্য |
| ০৩ | মহাব্যবস্থাপক (প্রশাসন), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | : | সদস্য |
| ০৪ | উপ-মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়। | : | সদস্য |
| ০৫ | উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়। | : | সদস্য |
| ০৬ | চিকিৎসক (ব্যাংক কর্তৃক নিয়োগকৃত), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | : | সদস্য |
| ০৭ | সভাপতি/ প্রতিনিধি, কর্মসংস্থান ব্যাংক অফিসার্স এসোসিয়েশন | : | সদস্য |
| ০৮. | সভাপতি/ প্রতিনিধি, কর্মসংস্থান ব্যাংক কর্মচারী ইউনিয়ন | : | সদস্য |
| ০৯. | বোর্ড সচিব, পর্যদ সচিবালয় বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | : | সদস্য-সচিব |

(খ) ব্যবস্থাপনা পরিচালক ট্রাষ্টী বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করবেন। সভায় কমপক্ষে ০৫ (পাঁচ) জন সদস্য উপস্থিত থাকলে সভার কোরাম পূর্ণ হবে।

(গ) **ট্রাস্টি বোর্ডের সভা:**

ট্রাস্টি বোর্ড সময় সময় সভায় মিলিত হবে। তবে, দু'টি সভার মধ্যকার সময়ের ব্যবধান ০৩(তিন) মাসের অধিক হবে না। বোর্ডের চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করবেন। সভায় ট্রাস্টি বোর্ডের কমপক্ষে ০৫ (পাঁচ) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূর্ণ হবে, কোরাম পূর্ণ না হলে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে সভা পুনরায় আহবান করতে হবে।

(ঘ) **ট্রাষ্টী বোর্ডের ক্ষমতা:**

(১) এ নীতিমালার অধীন কর্মী কল্যাণের জন্য মঞ্জুরীযোগ্য বিভিন্ন দাবী এবং অনুরূপ দাবীর সঙ্গে যুক্ত যাবতীয় বিষয় নিষ্পত্তি করা;

(২) এ নীতিমালার বিধান অনুযায়ী এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে কর্মচারীদিগকে বা তাঁদের পরিবারবর্গকে মঞ্জুরী অনুমোদন করা;

(৩) অন্য কোন নির্দিষ্ট উদ্দেশ্যে এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে মঞ্জুরী অনুমোদন করা;

(৪) এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে অর্থ বা সম্পত্তির যথাযথ প্রশাসন ও ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় যাবতীয় কাজ করা বা করানো;

(৫) এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডের রক্ষিত অর্থ ইউনিট সার্টিফিকেটসহ যে কোন লাভজনক কারবার ইত্যাদিতে বিনিয়োগ করা;

(৬) ট্রাষ্টী বোর্ড সুষ্ঠু কর্মসম্পাদনের জন্য প্রয়োজনবোধে কোন ব্যক্তিকে নিয়োগ বা নিযুক্ত করা, যার নিয়ম ও শর্তাবলী ট্রাষ্টী বোর্ড স্থির করবেন;

(৭) তহবিল ব্যবস্থাপনার ক্ষেত্রে ট্রাষ্টী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং এ সিদ্ধান্তের বিষয়ে কোন অবস্থাতেই কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(ঙ) **সদস্য-সচিবের কার্যাবলী:**

সদস্য-সচিব নিম্নরূপ কার্যাবলী সম্পাদন করবেন:

(১) ট্রাস্টি বোর্ডের সকল দলিল/ কাগজপত্র যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিতকরণ;

(২) এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে অনুমোদিত সুবিধাদি প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(৩) সভা আহবানের নোটিশ প্রদান ও সভার কার্যক্রম নিরুপণ;

(৪) ট্রাষ্টী বোর্ডের সকল সিদ্ধান্ত বাস্তবায়ন;

(৫) অনুমোদিত ক্ষেত্রসমূহ হতে অনুদান পাওয়ার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(৬) মৃত কর্মচারীর পরিবারকে এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড সুবিধা সম্পর্কে অবহিতকরণ;

(৭) সময় সময় ট্রাষ্টী বোর্ডের সভাপতি কর্তৃক অর্পিত অন্যান্য কাজ।

চলমান পাতা-০৩

৫। **এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে কর্মচারীদেরকে প্রদেয় সুবিধাদি:**

(ক) কর্মকর্তা/ কর্মচারীর মাসিক মূল বেতনের ১% (শতকরা এক ভাগ) অথবা ১০০/- (একশত) টাকা (এ দু'য়ের মধ্যে যা কম) এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডে জমা করা;

(খ) আপদকালীন সময়ে এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড থেকে একজন কর্মকর্তা/কর্মচারীকে (চাকুরীকালীন সময়ে সর্বোচ্চ ৩(তিন) দফায় সর্বমোট ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান;

(গ) হেপাটাইটিস-বি টিকার জন্য কোন প্রকার অনুদান প্রদান করা হবে না। তবে হেপাটাইটিস-বি টিকার ব্যয়ভার (পরিবারের সকল সদস্যসহ) কেন্দ্রীয়ভাবে ব্যাংক এর নিজস্ব তহবিল থেকে বহন করা হবে;

(ঘ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, কল্যাণ শাখা এর পরিপত্র নং ০৫.০০.০০০০.১২৩.০৫.০০১. ১৬-৭০০ তারিখ ২৭জুন, ২০১৬ অনুযায়ী মৃত কর্মকর্তা-কর্মচারীর নির্ভরশীলগণ কর্তৃক মৃতের লাশ/মরদেহ কবরস্থান/শ্মশান পর্যন্ত পরিবহন খরচ এবং দাফন/অন্তোষ্টিক্রিয়া খরচের বিপরীতে এককালীন সাহায্য প্রদান- সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা। তবে, প্রয়োজন অনুযায়ী তা ট্রাষ্টী বোর্ড কর্তৃক সরকার নির্ধারিত পরিমানের মধ্যে ন্যূনতম প্রয়োজনীয় পরিমান বিবেচনা করা হবে;

(ঙ) কোন কর্মকর্তা/কর্মচারী যদি পুরো চাকুরীকালীন এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে কোন অনুদান গ্রহণ না করে থাকেন তবে তাঁকে অবসর সুবিধাদি গ্রহণকালে অথবা মৃত্যুজনিত কারনে মনোনীত ব্যক্তিকে এ তহবিল হতে এককালীন ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা অনুদান অথবা কর্মজীবনে অনুদান গ্রহনের অবশিষ্টাংশ প্রদান (যদি থাকে);

(চ) (১) চিকিৎসাজনিত খরচ পূর্নভরণ আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের খন্ডকালীন চিকিৎসক উক্ত চিকিৎসার ব্যয় এর পরিমান ও যৌক্তিকতাসহ সুপারিশ করবেন;

(২) পঙ্গু কর্মকর্তা-কর্মচারীর জন্য সহায়ক যানবাহন/যন্ত্র(হুইল চেয়ার বা ক্র্যাচ, কৃত্রিম হাত/পা) অর্থোপেডিক ডাক্তারের সনদপত্রক্রমে ক্রয় করে সরবরাহকরণ;

(৩) কোন কর্মকর্তা-কর্মচারী শ্রবণশক্তি হারিয়ে ফেললে ডাক্তারের সার্টিফিকেট অনুযায়ী শ্রবণ যন্ত্র ক্রয় করে সরবরাহকরণ।

(ছ) ব্যাংকের কর্মচারীগণ অথবা তাঁদের ওপর নির্ভরশীল স্বামী/স্ত্রী, পিতা-মাতা ও পুত্র-কন্যাদের কোনো মেজর অপারেশনের ক্ষেত্রে, দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হলে এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসার প্রয়োজনে বিশেষ করে ক্যান্সার, হৃদরোগ, পক্ষাঘাত ও মস্তিষ্কে রক্তক্ষরণ ইত্যাদি রোগের চিকিৎসার্থে আর্থিক অনুদান প্রদান (অনুদানের অংক ট্রাস্টি বোর্ড নির্ধারণ করবে);

(জ) ব্যাংকের কোন কর্মকর্তা/ কর্মচারী গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে পরিচালনা বোর্ডের ১৬.০৮.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬৫-তম সভার সিদ্ধান্ত মোতাবেক সকল স্তরের স্থায়ী কর্মচারী এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা আর্থিক অনুদান প্রাপ্য হবেন।

(ঝ) কর্মসংস্থান ব্যাংক এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে কর্মচারীগণের মেধাবী সন্তানদের এককালিন শিক্ষা অনুদান নিম্নোক্ত ভাবে প্রাপ্য হবেন:

| ক্র: নং | পরীক্ষার নাম | অর্জিত ফলাফল | বৃত্তির পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|
| (ক) | প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) / জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও সমমান | জিপিএ-৫.০০ | ৩,০০০.০০ |
| | | জিপিএ-৪.৫০-৪.৯৯ | ১,৫০০.০০ |
| (খ) | ও' লেভেল | এ (৬ টি বা তদুর্ধ্ব) | ৪,০০০.০০ |
| | | এ (৫টি) | ২,৫০০.০০ |
| (গ) | এস,এস,সি / এইচ, এস,সি ও সমমান | জিপিএ-৫.০০ | ৪,০০০.০০ |
| | | জিপিএ-৪.৫০-৪.৯৯ | ২,৫০০.০০ |
| (ঘ) | এ' লেভেল | এ (৩ টি বা তদুর্ধ্ব) | ৫,০০০.০০ |
| | | এ (২টি) | ৩,০০০.০০ |
| (ঙ) | স্নাতক সম্মান/স্নাতক / স্নাতকোত্তর ও সমমান | সিজিপিএ ৪.৭৫ হতে ৫.০০ (৫.০০ এর মধ্যে) অথবা সিজিপিএ ৩.৭৫ হতে ৪.০০ (৪.০০ এর মধ্যে) | ৫,০০০.০০ |
| | | সিজিপিএ ৪.২৫ হতে ৪.৭৪ (৫.০০ এর মধ্যে) অথবা সিজিপিএ ৩.২৫ হতে ৩.৭৪ (৪.০০ এর মধ্যে) | ৩,০০০.০০ |

চলমান পাতা-০৪

উল্লেখ্য ১ম শ্রেণীর সনদ পাওয়া গেলে নিম্নোক্তভাবে সিজিপিএ নির্ধারণ করতে হবে:

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণী/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণী |

৬। **এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডের হেফাজত:**

ট্রাষ্টী বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এবং নির্দিষ্ট ব্যাংকে তহবিলের অর্থ রক্ষিত থাকবে। ব্যাংক হিসাব ট্রাষ্টী বোর্ডের সভাপতি, সদস্য সচিব, কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের উপ-মহাব্যবস্থাপকের স্বাক্ষরে পরিচালিত হবে। এই ৩(তিন) জনের মধ্যে যে কোন ২(দুই) জনের স্বাক্ষরে লেনদেন পরিচালনা করা যাবে।

৭। **মনোনয়ন:**

কোন কর্মকর্তা/কর্মচারী তাঁর মৃত্যুর পর কল্যাণ মঞ্জুরী গ্রহণের জন্য ফর্ম-"ক" তে তাঁর পরিবারের এক বা একাধিক সদস্যকে বা অন্য যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনীত করতে পারবেন। একের অধিক সদস্য বা ব্যক্তিকে মনোনীত করলে তিনি প্রত্যেকের অংশ নির্দিষ্ট করবেন।

৮। **প্রদেয় চাঁদার অর্থ ফেরত প্রসঙ্গে:**

(ক) যদি কোন কর্মকর্তা/কর্মচারী চাকুরী ত্যাগ করেন অথবা শাস্তিমূলক কারনে তিনি চাকুরী হতে অপসারিত হন বা বরখাস্ত হন তাহলে তিনি এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডের কোন অনুদান প্রাপ্য হবেন না এবং তার প্রদত্ত চাঁদাও ফেরত দেয়া যাবে না;

(খ) কোন কর্মকর্তা/কর্মচারী অথবা তার পরিবারবর্গ এ তহবিলের সাহায্যকে অধিকার হিসেবে দাবী করতে পারবেন না।

৯। **আবেদন পত্রের ফর্ম সমুহ:**

(ক) এ নীতিমালার অধীন এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে মঞ্জুরীর জন্য নির্ধারিত ফর্ম অনুযায়ী আবেদন করতে হবে;

(খ) সকল আবেদনপত্র কর্মচারী যে বিভাগে বা অফিসে চাকুরী করেন বা সর্বশেষ করেছেন তার প্রধানের মাধ্যমে পেশ করতে হবে;

(গ) ট্রাষ্টী বোর্ড নীতিমালার উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যে কোন ফর্ম পরিবর্তন, পরিবর্ধন করতে পারবেন।

১০। **অনুদান পরিশোধ:**

পরলোকগত কর্মকর্তা/কর্মচারীর পরিবারে একাধিক সদস্য থাকলে উক্ত সদস্যগণ লিখিতভাবে যে সদস্যকে অনুদান গ্রহণ করার ক্ষমতা দিবেন সে সদস্যের নিকট উক্ত অনুদান প্রদান করা যাবে। তবে উল্লেখিত ক্ষমতা প্রদান পত্রটি কর্মকর্তা/কর্মচারী যে এলাকার স্থায়ী বাসিন্দা সে এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/নিয়ন্ত্রণকারী কর্তৃক যাচাইকৃত হতে হবে।

১১। **আবেদন করার সময়সীমা:**

অনুদান গ্রহণের জন্য নির্দিষ্ট ফর্মে সংশ্লিষ্ট কর্মচারীর মৃত্যু/অক্ষম/অবসর গ্রহণের ৬(ছয়) মাসের মধ্যে আবেদন করতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে ট্রাষ্টী বোর্ড এ সময়সীমা শিথিল করতে পারবেন।

১২। **তহবিলের সংস্থান প্রাপ্যতা:**

এই নীতিমালার আওতায় প্রাপ্য কোনো সুবিধা অধিকার হিসেবে বিবেচিত হবে না। অনুচ্ছেদ ৫ এর উল্লিখিত সুবিধাদি তহবিলের সংস্থান সাপেক্ষে বিবেচিত হবে।

১৩। **প্রতিবেদন ও বাজেট:**

প্রতি আর্থিক বৎসর শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ট্রাস্টি বোর্ড বৎসরের আর্থিক প্রতিবেদন এবং পরবর্তী আর্থিক বৎসরের বাজেট বিবরণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বরাবরে পেশ করবেন। বাজেট বিবরণীতে পরবর্তী আর্থিক বৎসরে এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডে ব্যাংকের কি পরিমাণ অনুদান প্রয়োজন হবে তা উল্লেখ থাকবে।

১৪। **এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডে ব্যাংকের অনুদান:**

এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডের সুবিধাদির ধারাবাহিকতা বজায় রাখতে পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত হারে প্রতি বৎসর অর্জিত মুনাফার অংশ হতে এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডে অনুদান প্রদান করা হবে।

১৫। **কল্যান কার্যক্রমের সম্প্রসারণ:**

তহবিলের সংস্থান সাপেক্ষে এই নীতিমালার আওতায় কল্যাণমূলক কার্যক্রম সম্প্রসারনের বিষয়টি ভবিষ্যতে বিবেচনা করা হবে।

১৬। **নিরীক্ষা ও হিসাবরক্ষণ:**

(ক) এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডের হিসাব ট্রাষ্টী বোর্ড কর্তৃক নির্ধারিত প্রণালী ও পদ্ধতিতে রক্ষা করা হবে;

(খ) পরিচালনা বোর্ডের ২৪.০৫.২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৪৬-তম সভার সিদ্ধান্ত মোতাবেক এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ডের প্রতি অর্থ-বছরের হিসাব ব্যাংকের নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ কর্তৃক নিরীক্ষিত হবে।

১৭। **ক্ষতিপুরণ:**

এ নীতিমালার নিয়মানুযায়ী সরল বিশ্বাসে কৃত কোন কিছুর জন্য ট্রাষ্টী বোর্ড বা কোন কর্মকর্তা বা অন্য কোন ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির বিরুদ্ধে কোন মোকদ্দমা বা অন্য কোন কার্য ব্যবস্থা দায়ের করা যাবে না।

১৮। **কার্যকারিতা হতে অব্যহতি:**

ট্রাষ্টী বোর্ড এ নীতিমালার কার্যকারিতা হতে যে কোন শ্রেণীর কর্মচারীকে রেহাই দিতে পারেন।

১৯। **বিধি প্রণয়নের ক্ষমতা:**

ট্রাষ্টী বোর্ড এ প্রবিধান মালার সকল বা যে কোন নীতিমালাকে কার্যকারিতা প্রদানের উদ্দেশ্যে বিধি প্রনয়ন করতে পারেন।

২০। **রহিতকরণ ও ব্যতিক্রম:**

(ক) কর্মসংস্থান ব্যাংক এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড নীতিমালা-২০১৮ বলবৎ হল;

(খ) কর্মসংস্থান ব্যাংক এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড সংক্রান্ত বর্তমানে প্রচলিত সকল নীতি ও বিধিসমূহ বাতিল বলে গণ্য হবে;

(গ) বর্তমানে বিদ্যমান কল্যাণ তহবিলের সকল পরিসম্পদ, স্বত্ব, ক্ষমতা, কর্তৃত্ব ও সুযোগসুবিধা এবং সকল সম্পত্তি, স্থাবর ও অস্থাবর, নগদ ও ব্যাংকের স্থিতি, তহবিল লগ্নি এবং অনুরুপ সম্পত্তি হতে প্রাপ্য অন্য সমস্ত স্বার্থ ও স্বত্ব বা অধিকার ট্রাষ্টী বোর্ডের অধিনে স্থানান্তরিত বলে গণ্য হবে ও তাতে বর্তাবে;

(ঘ) বিদ্যমান কল্যাণ তহবিলের সকল দেনা, বাধ্যবাধকতা ও দায় ট্রাষ্টী বোর্ড কর্তৃক পরিগৃহীত হয়েছে বলে গণ্য হবে।

২১। **নীতিমালার পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন:**

অত্র নীতিমালা বাস্তবভিত্তিক করার জন্য প্রয়োজন অনুসারে এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড ট্রাস্টি বোর্ডের সুপারিশক্রমে কর্তৃপক্ষ কর্তৃক নীতিমালার পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন করা যাবে।

২২। কর্মসংস্থান ব্যাংক এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড নীতিমালা-২০১৮ পরিপত্র জারীর তারিখ হতে কার্যকর হবে।

সংযুক্তি- বর্ণনা মোতাবেক।

অনুমোদনক্রমে,

২৯/১০/১৮

**(মোঃ আবুল হোসেন)**
ব্যবস্থাপনা পরিচালক

সূত্র নং-কেবি/প্রকা/পসবি-৮ (১)/২০১৮-২০১৯/২২৪ (৬০৪) তারিখঃ - ঐ -

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে প্রয়োজন অনুযায়ী কপি সংগ্রহের অনুরোধসহ):</u>

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩. সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা- তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়;
৫. সহকারী মহাব্যবস্থাপক (বোর্ড সচিব), পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
৭. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, আঞ্চলিক কার্যালয়;
৮. সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
৯. অফিস নথি।

২৯/১০/২০১৮

**(এ কে এম কামরুজ্জামান)**
সহকারী মহাব্যবস্থাপক

ফর্ম-"ক"

# কর্মসংস্থান ব্যাংক
# প্রধান কার্যালয়, ঢাকা

## এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে আর্থিক অনুদান মঞ্জুরী গ্রহণের জন্য মনোনয়ন ফর্ম

আমি এতদ্বারা মঞ্জুরী গ্রহণের জন্য নিম্নলিখিত ব্যক্তি/ ব্যক্তিবর্গকে মনোনীত করলামঃ

| মনোনীত ব্যক্তি/ ব্যক্তিবর্গের নাম ও ঠিকানা | কর্মচারীর সঙ্গে সম্পর্ক | বয়স | প্রত্যেক মনোনীতের অংশ |
|---|---|---|---|
| | | | |

কর্মচারীর স্বাক্ষর ঃ ..................................
নামঃ..................................................................:
পদবী..................................................................:
অফিসের ঠিকানা.................................................:
স্থায়ী ঠিকানা....................................................:

স্বাক্ষীগণের স্বাক্ষর:

১। স্বাক্ষর.................................................................................
নামঃ...........................................................................
পদবী...........................................................................
ঠিকানা...........................................................

২। স্বাক্ষর......................................................................
পুরা নাম......................................................................
পদবী/ঠিকানা...............................................................

D:\Kamruzzaman_Board Sec\Benavolent\নীতিমালা-2018.docx

ফর্ম-"খ"

# কর্মসংস্থান ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

## চিকিৎসার জন্য এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে মঞ্জুরীর আবেদন পত্র।

| | | |
|---|---|---|
| ১) | আবেদনকারীর নাম | : |
| ২) | পদবী | : |
| ৩) | সাভত সূচক নং | : |
| ৪) | বর্তমান কর্মস্থল | : |
| ৫) | চাকুরীতে যোগদানের তারিখ | : |
| ৬) | জন্ম তারিখ | : |
| ৭) | চিকিৎসার বিবরণ | : |
| ৮) | যার চিকিৎসা করা হয়েছে তার নাম | : |
| ৯) | আবেদনকারীর সাথে তার সম্পর্ক | : |
| ১০) | চিকিৎসাজনিত যাবতীয় খরচের পরিমাণ ও বিবরণ (প্রমাণকসহ) | : |
| ১১) | ইতোপূর্বে এমপ্লয়ীজ বেনাভোলেন্ট ফান্ড হতে গৃহীত আর্থিক অনুদানের পরিমান ও তারিখ (যদি থাকে) | : |
| ১২) | আবেদনকৃত টাকার পরিমান | : |

কর্মচারীর স্বাক্ষর ঃ ........................

নামঃ.............................................................

পদবী.............................................................:

অফিসের ঠিকানা.............................................:

ফর্ম-"গ"

**কর্মসংস্থান ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**

শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি

## মেধাবী ছাত্র/ছাত্রীর এককালীন শিক্ষা অনুদানের আবেদনপত্র

১) শিক্ষার্থীর নাম :

২) জন্ম তারিখ :

৩) শিক্ষার্থীর মাতার নাম :

৪) শিক্ষার্থীর পিতার নাম :

৫) ক) ব্যাংকে কর্মরত পিতা/মাতার নাম :

খ) বর্তমান পদবী ও সাভতসূচক নম্বর

৬) পিতা/মাতার কর্মস্থল :

৭) পিতা/মাতার মোবাইল নম্বর :

৮) পরীক্ষা পাসের বিবরণ :

| পরীক্ষার নাম | পাসের সন (ফলাফল প্রকাশের তারিখসহ) | প্রাপ্ত গ্রেড/নম্বর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | অধিদপ্তর/বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |

বি: দ্র:
ক) শুধু .................. থেকে ................. তারিখের মধ্যে ফল প্রকাশিত হয়েছে এমন পরীক্ষা বিবেচনায় আসবে ;
খ) পরীক্ষা পাসের সত্যায়িত প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।